

তথ্য প্রকাশ নীতিমালা, ২০১৫



ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সূচীপত্র

পৃষ্ঠা নং

প্রথম অধ্যায় : নীতিমালার সাধারণ বিষয়	১
দ্বিতীয় অধ্যায় : প্রাথমিক বিষয়াদি	২
১.১ তথ্য প্রকাশ নীতিমালা প্রনয়ণের যৌক্তিকতা/ উদ্দেশ্য	
১.২ নীতিমালা	
২. আইনগত ভিত্তি	
তৃতীয় অধ্যায় : নীতিমালা	৩
৩. সংজ্ঞা	৩
৩.১ তথ্য	৩
৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	৩
৩.৩ তথ্য প্রদান ইউনিট	৩
৩.৪ আপীল কর্তৃপক্ষ	৩
৩.৫ তথ্য কমিশন	৩
৪. তথ্যের শ্রেণীবিন্যাস ও তথ্য প্রদানের পদ্ধতি	৩
৫. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি	৪
৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	৫
৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি	৫
৮. তথ্য প্রদানের সাথে সংশ্লিষ্ট সহায়ক/বিকল্প কর্মকর্তার দায়িত্ব ও কর্ম পরিধি	৫
৯. তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা	৫
১০. তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধের নিয়মাবলী	৬
১১. আপীল পদ্ধতি	৬
১২. তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান	৬
১৩. তথ্যাদি পরিদর্শনের সুযোগ	৬
১৪. জনগুরুত্বপূর্ণ বিষয়ে বিজ্ঞপ্তি	৬
১৫. ফরমের তালিকা	৭
ফরম ‘ক’ তথ্য প্রাপ্তির আবেদন	৮
ফরম ‘খ’ তথ্য সরবরাহের অপারেগতার নোটিশ	৯
ফরম ‘গ’ আপীল আবেদন	১০
ফরম ‘ঘ’ তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্য মূল্য নির্ধারণ ফি	১১

মোঃ আব্দুর রহমান আলম সুমন
যুক্তিবালী সচিব

শোরাজ আহমদ আলম
জুল সচিব
অমি মজুমাদ আলম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুর রহমান হোসেন
মুগ্নাচিব
অমি মজুমাদ আলম
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

প্রথম অধ্যায়

নীতিমালার সাধারণ বিষয়

যে কর্তৃপক্ষ নীতিমালাটি প্রণয়ন করেছে

: ভূমি মন্ত্রণালয়

যে নামে নীতিমালাটি কার্যকর হবে

: তথ্য প্রকাশ নীতিমালা, ২০১৫

মোঃ আয়রল আলম সুমন
সহকারী সচিব

শোরাইর আহমাদ খান
জুগ সচিব
ভূমি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুরাজেল হোসেন
মুগাসিচির
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দ্বিতীয় অধ্যায়

১. প্রাথমিক বিষয়াদি :

১.১ তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য :

সরকারি, স্বায়ত্তশাসিত বা সংবিধিবদ্ধ সংস্থা, সরকারি ও বিদেশি অর্ধায়নে সৃষ্টি বা পরিচালিত সংস্থার কার্যক্রমে স্বচ্ছতা, জনাবাদিহিতা বৃদ্ধি, তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্যের অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণীত হয়েছে। দেশের নাগরিকের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতার সাংবিধানিক অধিকার প্রতিষ্ঠা, মন্ত্রণালয়ের কাজকর্মে স্বচ্ছতা ও জনাবাদিহিতা বৃদ্ধি, দুর্নীতি ত্রাস ও সুশাসন প্রতিষ্ঠায় সর্বোপরি জনসাধারণের ক্ষমতায়নের লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করা প্রয়োজন।

বাংলাদেশের প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার নিশ্চিত করা, মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে জনগণের সন্দেহ ও অবিশ্বাস দূর করার লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় তথ্য প্রবাহের চর্চা নিশ্চিত করতে বদ্ধ পরিকর। মন্ত্রণালয়ের অবাধ তথ্য প্রবাহের চর্চার ক্ষেত্রে যেন কোন বিধাদনের সৃষ্টি না হয় সে জন্য ভূমি মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন মনে করায় এই নীতিমালা প্রণয়ন করা হলো।

১.২ নীতিমালা :

ভূমি মন্ত্রণালয়ের আওতায় সারা দেশে ভূমি ব্যবস্থাপনা ও জরীপ কার্যক্রম চলমান রয়েছে। এ সংক্রান্ত বিষয়ে যে কোন তথ্য পাওয়ার জন্য যে কোন ব্যক্তি আবেদন করতে পারবেন। এ আবেদন নিষ্পত্তি করার জন্যই এ নীতিমালাটি প্রণয়ন করা হয়েছে।

২. আইনগত ভিত্তি :

তথ্য অধিকার আইন, ২০০৯ তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ ও তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০।

মোঃ খায়রুল আলম সুমন
সহকারী সচিব

কান্যাইব আইনাদ খান
তথ্য প্রচার
ভূমি মন্ত্রণালয়
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুল হোসেন
ব্যৱসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তৃতীয় অধ্যায় : নীতিমালা

৩. সংজ্ঞা

৩.১ তথ্য :

তথ্য অর্থে ভূমি মন্ত্রণালয়ের গঠন, কাঠামো ও দাঙুরিক কর্মকাণ্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠ্যোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে।

তবে শর্ত থাকে যে, দাঙুরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না।

৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

ভূমি মন্ত্রণালয়ের যে কোন তথ্য সরবরাহের নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে বিবেচিত হবেন। তবে প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য যে কোন কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন এবং কোন কর্মকর্তার নিকট হতে এইরূপ সহায়তা চাওয়া হলে তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে বাধ্য থাকবেন। এইরূপ সহায়তা প্রদানে ব্যর্থতার জন্য কোন তথ্য সরবরাহে বিষ্ণু সৃষ্টি হলে সেই ক্ষেত্রে এই নীতিমালার অধীন দায়-দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে উক্ত অন্য কর্মকর্তাও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলে গণ্য হবেন। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক দায়িত্ব প্রাপ্ত বিকল্প কর্মকর্তা, দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

৩.৩ তথ্য প্রদান ইউনিট :

ভূমি মন্ত্রণালয়।

৩.৪ আপীল কর্তৃপক্ষ :

ভূমি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব আপীল কর্তৃপক্ষ হবেন।

৩.৫ তথ্য কমিশন :

তথ্য অধিকার আইন, ২০০৯ এর অধীনে প্রতিষ্ঠিত কমিশন।

৪. তথ্যের শ্রেণীবিন্যাস এবং তথ্য প্রদান পদ্ধতি

তথ্য অধিকার আইন এর বিধি বিধান সাপেক্ষে প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে। জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য মন্ত্রণালয় দিতে বাধ্য থাকবে। ভূমি মন্ত্রণালয়ের কাছে যে সব তথ্য রয়েছে তা চারটি শ্রেণীতে ভাগ করা হয়েছে।

- (ক) স্ব-প্রগোদ্ধিত ভাবে প্রকাশিত তথ্য ;
- (খ) চাহিদার প্রেক্ষিতে প্রদান যোগ্য তথ্য ;
- (গ) চাহিদার ভিত্তিতে আংশিক প্রদান যোগ্য তথ্য ;
- (ঘ) প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয় এমন তথ্য।

মোঃ আব্দুল আলম সুমেন
সহকারী সচিব

শোয়াইব আহমদ খান
তপ সচিব
ভূমি মন্ত্রণালয়
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুল হোসেন
সুপারিশ প্রক্রিয়া
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪(ক) স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ এবং এর তালিকা :

তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব-প্রণোদিত ভাবে নিম্নবর্ণিত বিষয়গুলি ওয়েব সাইটে (www.minland.gov.bd) এবং বার্ষিক প্রতিবেদনে প্রকাশিত থাকবে।

১. মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণী, কার্য প্রণালী এবং দায়িত্ব সমূহ;
২. কর্মকর্তাদের ক্ষমতা ও দায়িত্ব;
৩. মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে রাখিত ও ব্যবহৃত আইন, বিধি বিধান, নির্দেশনা, ম্যানুয়াল, ডকুমেন্ট এবং রেকর্ড;
৪. মন্ত্রণালয় কর্তৃক সময় সময় জারিকৃত নীতিমালা, পরিপত্র, সার্কুলার;
৫. মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দণ্ডের সমূহের বাজেট ও ব্যয় বিবরণী।

৪(খ) বাংলাদেশের কোন নাগরিকের আবেদনের প্রেক্ষিতে এই নীতিমালার ৯ ও ১০ অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিতে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা তথ্যের চাহিদাকারীকে তথ্য প্রদান করবেন।

৪(গ) চাহিদা মাত্র আংশিক তথ্য প্রদানে বাধ্য :

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা অনুযায়ী বাধ্যতামূলক নয় এবং ৯ ধারা মতে কোন তথ্যের যতটুকু অংশ প্রকাশ করা বাধ্যতামূলক নয় এবং যতটুকু অংশ পৃথক করা সম্ভব ততটুকু এই নীতিমালার ৯ এবং ১০ অনুচ্ছেদের বর্ণিত পদ্ধতিতে আবেদনকারীকে সরবরাহ করা হবে।

৪(ঘ) তথ্য প্রকাশ বাধ্যতামূলক নয় এবং এর তালিকা :

এ নীতিমালার অন্য অনুচ্ছেদে যা কিছুই থাকুক না কেন তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ অনুচ্ছেদে বর্ণিত নিম্নোক্ত তথ্য প্রকাশ / প্রদান করতে মন্ত্রণালয় বাধ্য থাকবে না।

- * কোন তথ্য প্রদানের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনে গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এবং প্রত্যেক তথ্য ;
- * কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন এবং শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এবং প্রত্যেক তথ্য ;
- * তদন্তাধীন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিলু ঘটাতে পারে এবং প্রত্যেক তথ্য ;
- * কোন ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে কোন তথ্য ;
- * নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত তথ্য;
- * আদালতের বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত/ট্রাইবুনালের নিমেধোজ্ঞ রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল হবে এবং প্রত্যেক তথ্য প্রদত্ত নম্বর সম্পর্কিত তথ্য।

৫. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি :

৫.১ তথ্য অধিকার আইনের ৫ ধারা এবং তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা, ২০১০ অনুযায়ী ভূমি মন্ত্রণালয় যে সব তথ্য নিজস্ব ওয়েবসাইট, বার্ষিক প্রতিবেদন এবং কম্পিউটারে সংরক্ষণ উপযুক্ত বলে মনে করবে সে সব তথ্যাদি সংরক্ষণ করবে।

৫.২ অফিসিয়াল ওয়েবসাইট :

www.minland.gov.bd

৫.৩ তথ্যের হালনাগাদকরণ :

ওয়েব সাইট, বিল বোর্ড, নোটিশ বোর্ড, বিজ্ঞাপন ইত্যাদি।

মোঃ আবুরূল আলম সুমান
সচিবী সচিব

শোয়াইব আহমেদ খান
তপ সচিব
ভূমি প্রক্রান্ত
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৪
মোঃ আবুরূল হোসেন
যুগান্তিব
ভূমি প্রক্রান্ত
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ :

ভূমি মন্ত্রণালয় নিম্নোক্তভাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আগীল কর্তৃপক্ষ নিয়োগ করেছে :

নং	দায়িত্বপ্রাপ্ত পদের বিবরণ	কর্মকর্তার নাম	পদবী	ফোন ও ই-মেইল
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	জনাব মোঃ রাশেদুল ইসলাম	উপ-সচিব	+৮৮০২-৯৫৪৯১৭৫
২	বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	জনাব শোয়াতুর আহমাদ খান	উপ-সচিব	+৮৮০২-৯৫৪০৮৯৭
৩	আগীল কর্তৃপক্ষ	জনাব মোহাম্মদ শফিউল আলম	সিনিয়র সচিব	+৮৮০২-৯৫৪৫১৩১

৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি :

দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা তথ্য অধিকার আইন ২০০৯ এর ৯ ধারা মোতাবেক এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর ৩,৪ ও ৫ ধারা মোতাবেক দায়িত্ব সম্পাদন করবেন।

৮. তথ্য প্রদানের সাথে সংশ্লিষ্ট সহায়ক/বিকল্প কর্মকর্তাদের দায়িত্ব ও কর্মপরিধি :

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুপস্থিতিতে সংশ্লিষ্ট সহায়ক/ বিকল্প দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্ম পরিধি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুরূপ হবে।

৯. তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা :

(ক) কোন ব্যক্তি ভূমি মন্ত্রণালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নিকট নির্ধারিত ফরমে লিখিতভাবে /ইলেক্ট্রনিক মাধ্যমে/ ই-মেইলে তথ্যের জন্য আবেদন করতে পারবেন।

(খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত পদ্ধতিতে আবেদনপত্র প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০(বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

(গ) অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০(ত্রিশ) কার্য দিবসের মধ্যে উক্ত অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

(ঘ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারাগ হলে অপারাগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি অনুরোধকারীকে অবহিত করবেন।

(ঙ) উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য সরবরাহ করতে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ হলে সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির অনুরোধ প্রত্যাখ্যান করা হয়েছে বলে গণ্য হবে।

(চ) কোন অনুরোধকৃত তথ্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট সরবরাহের জন্য মজুদ থাকলে তিনি উক্ত তথ্যের যুক্তিসংগত মূল্য নির্ধারণ করবেন এবং উক্ত মূল্য অনধিক ৫(পাঁচ) কার্য দিবসের মধ্যে পরিশোধ করিবার জন্য অনুরোধকারীকে অবহিত করিবেন।

(ছ) অনুরোধকৃত তথ্য প্রদান করা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ বিবেচিত হলে এবং যেক্ষেত্রে উক্ত তথ্য তৃতীয় পক্ষ কর্তৃক সরবরাহ করা হয়েছে কিংবা উক্ত তথ্যের তৃতীয় পক্ষের স্বার্থ জড়িত রয়েছে এবং তৃতীয় পক্ষ উহা গোপনীয় তথ্য হিসাবে গণ্য করেছে সেইক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ অনুরোধ প্রাপ্তির ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে তৃতীয় পক্ষকে লিখিত বা মৌখিক মতামত চাহিয়া নোটিশ প্রদান করবেন এবং

মোঃ খায়রুল আলম সুমন
সচিবী সচিব

শোয়াতুর আহমাদ খান
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়
প্রত্যক্ষজ্ঞতা বাংলাদেশ সরকার

মোঃ আবুল ফজল হোসেন
উপ-সচিব
ভূমি মন্ত্রণালয়, ঢাকা।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ত্বং পক্ষ এরূপ নোটিশের প্রেক্ষিতে কোন মতামত প্রদান করলে উহা বিবেচনায় নিয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধকারীকে তথ্য প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

(জ) তথ্য প্রকাশের জন্য বাধ্যতামূলক নয়, এইরূপ তথ্যের সাথে সম্পর্কযুক্ত হবার কারণে কোন অনুরোধ সম্পূর্ণ প্রত্যাখান করা যাবে না এবং অনুরোধের যতটুকু অংশ প্রকাশের জন্য বাধ্যতামূলক নয় ততটুকু ব্যতীত যতটুকু অংশ যৌক্তিকভাবে পৃথক করে প্রকাশ করা সম্ভব, ততটুকু অংশ অনুরোধকারীকে সরবরাহ করা হবে।

(ঝ) কোন ইন্দীয় প্রতিবন্ধী ব্যক্তিকে কোন রেকর্ড বা উহার অংশ বিশেষ জানাবার প্রয়োজন হলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্ত প্রতিবন্ধী ব্যক্তিকে তথ্য লাভের সহায়তা প্রদান করবেন এবং পরিদর্শনের জন্য যে ধরণের সহযোগিতা প্রয়োজন তা প্রদান করাও সহায়তার অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।

১০. তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধের নিয়মাবলী :

তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারিত রয়েছে। ফরম “ঘ” অনুযায়ী তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের নির্ধারিত মূল্য প্রদান করতে হবে। সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ/কোর্ট ফি নির্ধারিত কোডে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।

১১. আপীল পদ্ধতি :

নীতিমালার অনুচ্ছেদ ৯ এর খ ও গ অনুযায়ী আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে যদি কেহ সংক্ষুদ্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ পরবর্তীতে ১৫(পনের) কার্যদিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন। আপীল কর্তৃপক্ষের সিদ্ধান্তে সংক্ষুদ্ধ হলে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবেন।

১২. তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান :

তথ্য অধিকার আইন ২০০৯ এবং এ সংক্রান্ত বিধিমালা অনুযায়ী যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা, ভুল, অসম্পূর্ণ, বিভ্রান্তি কর বা বিকৃত তথ্য প্রকাশ এবং কোন কর্মকর্তা নাগরিকের তথ্য প্রস্তুতে বিষ্ণু স্থিত করা হয়েছে মর্মে তথ্য কমিশনের নিকট প্রতীয়মাণ হলে তথ্য কমিশন উক্ত রূপ কাজের তারিখ হতে তথ্য সরবরাহের তারিখ পর্যন্ত প্রতি দিনের জন্য ৫০(পঞ্চাশ) টাকা হারে জরিমানা আরোপ করতে পারবে এবং এরূপ জরিমানা কোন ক্রমেই ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার অধিক হবে না। তাছাড়া সরকারি কর্মচারী আচরণ বিধিমালা অনুযায়ী অসদাচরনের অভিযোগে উক্ত তথ্য প্রদানকারী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করতে পারবে।

১৩. তথ্যাদি পরিদর্শনের সুযোগ :

এই নির্দেশমালার অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট ব্যক্তি/সংস্থা লিখিতভাবে অথবা রেকর্ড দেখতে বা পরিদর্শন করতে পারবেন। তবে নোট সীট ব্যতীত পরিদর্শনের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ১/- (এক) টাকা হারে কোর্ট ফি/চালান মারফত সরকারী খাতে জমা করতে হবে।

১৪. জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি : খুব বেশী জনগুরুত্ব বিষয়ে ওয়েবসাইট এবং বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা যেতে পারে।

মোঃ খয়রুল আলম সুব্রত
সরকারী সচিব

কর্মকর্তার আহ্বান প্রতি
বাধ্যতামূলক প্রকাশ প্রতি
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুরাজেল হোসেন
বৃগুসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৫. ফরমের তালিকা :

ফরম ‘ক’ : তথ্য প্রাপ্তির আবেদন পত্র।

ফরম ‘খ’ : তথ্য সরবরাহের অপারগতার নোটিশ।

ফরম ‘গ’ : আপীল আবেদন।

ফরম ‘ঘ’ : তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

(৩)
মোঃ আব্দুর রহমান আহমেদ সুজা
সহকর্মী সচিব

পোর্টাইব আহমেদ খান
ক্ষেত্র সচিব
ভূমি অঙ্গনালয়
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুরাজ হোসেন
যুগ্মসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফরম 'ক'

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি ৩ দ্রষ্টব্য]

বরাবর

.....,

..... (নাম ও পদবী)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,

.....(দণ্ডরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম

:

পিতার নাম

:

মাতার নাম

:

বর্তমান ঠিকানা

:

স্ত্রীর ঠিকানা

:

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে) :

২। কি ধরনের তথ্য* (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) :

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/

:

লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি)

৪। তথ্য গ্রহণকারীর নাম, ঠিকানা :

৫। প্রয়োজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা :

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ :

* তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যের মূল্য পরিশোধযোগ্য।

মোঃ খায়রুল আলম সুমেন
সহকারী সচিব

শেরামাই আহমদ খান
উপ সচিব
জুমি ইঞ্জিনিয়ারিং
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব
জুমি ইঞ্জিনিয়ারিং
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ফরম 'খ'

[বিধি ৫ দ্রষ্টব্য]

তথ্য সরবরাহে অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বর :

তারিখ:

প্রতি

আবেদনকারীর নামঃ

ঠিকানঃ

বিষয়ঃ তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।

প্রিয় মহোদয়,

আপনার তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা

সম্ভব হইল না, যথা-

১।

..... ;

২।

..... ;

৩।

..... |

(.....)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ

পদবীঃ

দাগুরিক সীল

মোঃ আব্দুর আলম সুমন
সচিব

শেয়ারইব আইনিদ থান
তপ সচিব
জামি ইম্প্রেশনাল এব
প্রপ্রজাত্তী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুরাজাল হোসেন
বুগাসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার

ফরম 'গ'

আপীল আবেদন

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য]

বরাবর

.....,

..... (নাম ও পদবী)

ও

আপীল কর্তৃপক্ষ,

..... (দপ্তরের নাম ও ঠিকানা)

১। আপীলকারীর নাম ও ঠিকানা :
(যোগাযোগের সহজ মাধ্যমসহ)

২। আপীলের তারিখ :

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে উহার কপি (যদি থাকে) :

৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার নামসহ
আদেশের বিবরণ (যদি থাকে) :

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ :

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুক হইবার কারণ (সংক্ষিপ্ত বিবরণ) :

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি :

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন :

৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য
আপীলকারী ইচ্ছা পোষাণ করেন

আবেদনকারীর স্বাক্ষর

আবেদনের তারিখ :

মোঃ খায়রুল আলম সুমি
অভিযোগ সচিব

শেরাই আইন আইন
কৃপ সচিব
জুমি অভিযোগ
প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আবুরাজেল হোসেন
যুক্তিচিত্র
ভূমি অভিযোগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ফরম 'ঘ'

[বিধি ৮ দ্রষ্টব্য]

তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা :-

ক্রমিক নং	তথ্যের বিবরণ	তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য
(১)	(২)	(৩)
১	লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ)	এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২/- (দুই) টাকা হারে এবং তদুর্ধৰ সাইজের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য।
২	ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে	(১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনা মূল্যে ; (২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য।
৩	কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে	বিনামূল্যে।
৪	মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে	প্রকাশনায় নির্ধারিত মূল্য।

মোঃ আয়ুর্বল আলম সুমি
সহকারী সচিব

শোরাই আন্দাদ থান
উপ সচিব
ভুবি অঙ্গনবাড়ি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মোঃ আব্দুরাজিল হোসেন
বুগাসচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।